



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চেয়ারম্যানের কার্যালয়, শ্রম আদালত,
রাজদিঘী টাওয়ার, উত্তর রাজদিঘীরপাড়, গাজীপুর।

স্মারক নং- শ্র.আ.গা:/২০২৪/ ২০২

তারিখ: ১৫/০১/২০২৪ খ্রি.


ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শ্রম আদালত, গাজীপুর এর ১৬-২০তম গ্রেডের শূণ্য পদসমূহে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত বিগত ২৯/১২/২০২৩ খ্রি. তারিখে গৃহীত লিখিত পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা নিম্নলিখিত ছক মোতাবেক অনুষ্ঠিত হবে।

১	পরীক্ষার নাম	অংশগ্রহণকারী	তারিখ ও সময়	স্থান
	ব্যবহারিক পরীক্ষা	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ	২০/০১/২০২৪ তারিখ সকাল ১০ ঘটিকা	সভাকক্ষ, শ্রম আদালত, গাজীপুর।
২	মৌখিক পরীক্ষা	১। সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ২। হিসাব রক্ষক-কাম-ক্যাশিয়ার, পেশকার (বেঞ্চ সহকারী) ও অফিস সহায়ক পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ	২০/০১/২০২৪ তারিখ বিকাল ৩ ঘটিকা	চেয়ারম্যান মহোদয়ের খাসকামরা, শ্রম আদালত, গাজীপুর।

শর্তাবলী:

- ১। প্রার্থীকে যথাসময়ে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত স্থানে উপস্থিত থাকতে হবে। লিখিত পরীক্ষার প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। নতুন করে আর প্রবেশপত্র ইস্যু করা হবে না;
- ২। আবেদনপত্রের সাথে জমাকৃত সকল কাগজ-পত্রের/সনদের মূল কপি সাথে আনতে হবে;
- ৩। সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে যারা ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হবেন তারাই কেবল মৌখিক পরীক্ষায় অংশ নিতে পারবেন;
- ৪। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় উপস্থিতির জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।


(মোঃ শফিকুল ইসলাম)
রেজিস্ট্রার

ও সদস্য সচিব, নিয়োগ কমিটি
শ্রম আদালত, গাজীপুর।
ইমেইল: mshafiqavo@gmail.com